



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd



বিষয়ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আসাদুজ্জামান
যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
স্থান : যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তর।
তারিখ : ২৯.০৯.২০২২
সময় : দুপুর ২:০০ ঘটিকা

০২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট-ক)

০৩। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হলো নাগরিক অর্থাৎ সেবাগ্রহীতা ও সেবাপ্রদানকারী দপ্তর/সংস্থার মধ্যকার একটি চুক্তি (Agreement) যা সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও শৃংখলা আনয়ন করে। সেবা সংক্রান্ত সকল তথ্য নাগরিকের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবাসমূহ কার্যকরভাবে প্রদানের অধিকতর ধারণা প্রদান ও দক্ষতা বৃদ্ধি বিষয়ক কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে তা বাস্তবায়নে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ও উপসচিব ড. বিলকিস বেগম সভায় মন্ত্রিপরিষদ বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও নির্দেশিকা নিয়ে আলোচনা করেন। সভায় প্রত্যেক দপ্তরের ফোকাল পার্সনদের কাছে স্ব স্ব দপ্তরের অগ্রগতি জানতে চাওয়া হয়।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ যথাসময়ে যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিতপূর্বক ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রণালয়ে অগ্রগতি প্রেরণ করতে হবে; এবং

(খ) মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) নিয়মিত হালনাগাদ করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিতঃ/-

০৩/১০/২০২২ ইং

(মোঃ আসাদুজ্জামান)

যুগ্মসচিব (প্রশাসন)


প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

নম্বর ৩৮.০০.০০০০.০০২.৩৪.০ ১ ১২-১৪৭৩

তারিখঃ ১১ অক্টোবর ২০২২
০৪ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও (শেরা) ঢাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (প্রশাসন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. অফিস কপি।


(ড. বিসমিল বেগম)
মহাপরিচালক
ফোনঃ ৩৪১০০৯১৮

ই-মেইল: dsad2@mopme.gov.bd